



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৮.২০- ৩৫০

তারিখঃ ১৬.০৩.২০২১ খ্রি.

আদেশ

যেহেতু ডা. রুমানা আক্তার (১২০৮৪৭), মেডিকেল অফিসার (জেনারেল সার্জারি), ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে ১৬.০৭.২০১৮ খ্রি. হতে ০৫.১০.২০১৯ খ্রি. পর্যন্ত মোট ১ বছর ২ মাস ২১ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে স্বাস্থ্য সেবা বিভাগের ২৩.৮.২০২০ খ্রি. তারিখের ৩০৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ২৭.০৯.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে বিধিমোতাবেক তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু তিনি ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন;

যেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু ডা. রুমানা আক্তারের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো এবং এ মর্মে তার বিভাগীয় মামলাটি মিস্পত্তি করা হলো। অভিযোগে বর্ণিত তার অনুপস্থিতিকাল অর্থাৎ ১৬.০৭.২০১৮ খ্রি. হতে ০৫.১০.২০১৯ খ্রি. পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে এ সংক্রান্ত কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৬.০৩.২০২১

(মো. আবদুল মান্নান)

সচিব


নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৮.২০২০- ৩০০/৩(৩২)

তারিখঃ ১৬.০৩.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। পরিচালক, ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}

- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। ডা. রুমানা আক্তার (১২০৮৪৭), মেডিকেল অফিসার (জেনারেল সার্জারি), ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা
- ১২। অফিস কপি


১৬.০৬.২১
(মো. শাহাদত হোসেন কবির)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd